

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩৮, ভবন-৩)।

তারিখ ও সময় : ৩১.১২.২০১৭ খ্রিঃ, সকালঃ ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে সেবাদর্শী আচরণ প্রতিষ্ঠার জন্য শুদ্ধাচার বিষয়ে সচেতনতা বৃদ্ধির গুরুত্ব তুলে ধরেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল রাষ্ট্রীয় সেবামূলক প্রতিষ্ঠানসমূহে কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভা নিয়মিত আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।

০২। জনাব আ: গাফফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন) শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করে বলেন যে, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কাজের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ আবশ্যিক। তিনি স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ের উপর প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

০৩। সিদ্ধান্তসমূহ:

১. মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে শুদ্ধাচার বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভা নিয়মিত আয়োজন করতে হবে;
২. মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে সকল কর্মচারীকে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে;
৩. শুদ্ধাচার সংক্রান্ত পুরস্কার/প্রশিক্ষণ এর জন্য নির্ধারিত খাতে অর্থ বরাদ্দের জন্য উপ-সচিব (বাজেট) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০৮.০১.২০১৮

(শেখ রফিকুল ইসলাম)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং- ৪৫.১৪১.০১৪.০০.০০.০০২.২০১৬-২২

তারিখ: ২৮ পৌষ ১৪২৪  
১১ জানুয়ারি ২০১৮

সদয় কার্যার্থে (মন্ত্রণালয়/বিভাগ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/ঔষধ প্রশাসন ও আইন/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(অধিদপ্তর/দপ্তর/সংস্থা) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় :

১. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩. ভারপ্রাপ্ত মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

জ্ঞাতার্থে:

অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(মো): শুৎসর রহমান  
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল [monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)